রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, জুলাই ৭, ২০২৪**

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন**
১৫, কলেজ রোড, ঢাকা-১০০০।

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ/৩০ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ২৫৫-আইন/২০২৪।**—শিক্ষানবিস সহকারী জজগণের প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা আদেশ, ২০০৮, অতঃপর উক্ত আদেশ বলিয়া উল্লিখিত, এর অনুচ্ছেদ ১৮ এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন উক্ত আদেশ এর তফসিলের নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উক্ত আদেশ এর তফসিলের—

১। ২য় পত্র পারিবারিক আইন (পুস্তক ব্যতীত) এর ক্রমিক নং ৯ এ উল্লিখিত "Family Courts Ordinance, 1985 (Ord. XVIII of 1985)" শব্দগুলি, কমা, সংখ্যাগুলি, বন্ধনী ও চিহ্নের পরিবর্তে "পারিবারিক আদালত আইন, ২০২৩ (২০২৩ সনের ২৬ নং আইন)" শব্দগুলি, কমা, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

২। ৩য় পত্র গুরুত্বপূর্ণ দেওয়ানী ও ফৌজদারী আইন (পুস্তকসহ) এর ক্রমিক নং ২২ এ উল্লিখিত "ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ (২০১৮ সনের ৪৬ নং আইন)" শব্দগুলি, কমা, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে "সাইবার নিরাপত্তা আইন, ২০২৩ (২০২৩ সনের ৩৯ নং আইন)" শব্দগুলি, কমা, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

৩। ৪র্থ পত্র দাপ্তরিক কার্যপদ্ধতি এবং চাকুরি সংক্রান্ত আইন (পুস্তকসহ) এর—

(অ) ক্রমিক নং ৩ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "Public Servants (Retirement) Act, 1974 (Act XII of 1974)" বিলুপ্ত হইবে;

(আ) ক্রমিক নং ৭ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি " Public Employees Discipline (Punctual Attendance) Ordinance, 1982 (Ord. XXXIV of 1982)" বিলুপ্ত হইবে; এবং

(ই) ক্রমিক নং ২৩ এর পর নিম্নরূপ ক্রমিক নং ২৪ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি সংযোজিত হইবে, যথা :—

"২৪. সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন)।"।

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের আদেশক্রমে

**শেখ আবু তাহের**

সচিব (সিনিয়র জেলা ও দায়রা জজ)

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন, ঢাকা।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd